

## পলিটেকনিকের আবাসিক শিক্ষার্থীরা বিপাকে

নিজস্ব প্রতিবেদক

১৭ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১৬ ফেব্রুয়ারি ২০২১ ২৩:১৯



সেশন জট এড়াতে সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটগুলোয় বিভিন্ন পর্বের পরীক্ষা গ্রহণ শুরু হয়েছে। কিন্তু আবাসিক হল বন্ধ থাকায় বিপাকে পড়েছেন হাজার হাজার শিক্ষার্থী। দ্রুত হল খোলার দাবি জানিয়েছেন তারা।

গতকাল মঙ্গলবার রাজধানীর ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের আবাসিক শিক্ষার্থীরা দুপুর ১২টা থেকে ক্যাম্পাসের সামনে বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন করেন। এ সময় তারা দ্রুত হল খোলার দাবি জানান।

শিক্ষার্থীরা জানান, দেশের বিভিন্ন প্রান্ত থেকে পড়তে আসা এ পলিটেকনিকের হাজার হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে বিপাকে পড়েছেন। হল বন্ধ থাকায় তারা রাজধানীতে থাকা-খাওয়ার সমস্যায় পড়েছেন। রাজধানীতে থাকার সুযোগ না থাকায় অনেক শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারছেন না। আন্দোলনকারীরা জানান, ৪০ থেকে ৪৫ দিন লাগবে তাদের পরীক্ষা শেষ হতে। এ সময়ের জন্য ঢাকায় মেস বাসা ভাড়া নেওয়ার সামর্থ্যও অনেক শিক্ষার্থীর নেই। এ বিষয়ে ঢাকা পলিটেকনিক

ইনস্টিটিউটের একাধিক বিভাগের শিক্ষকদের সঙ্গে কথা বলে জানা গেছে, বিভিন্ন পর্বে পাঁচ থেকে ছয় হাজার শিক্ষার্থী রয়েছেন, যারা আবাসিক হলে থেকেই লেখাপড়া করেন। বিশেষ করে মেয়েদের সমস্যা বেশি হচ্ছে।

এদিকে কিশোরগঞ্জ পলিটেকনিকের শিক্ষার্থীদের রাতযাপনের ছবি ফেসবুকে ভাইরাল হয়েছে। তাতে দেখা যায়, ছেলেরা রবিবার পরীক্ষায় অংশ নিয়ে রাতে ওই পলিটেকনিকের মাঠেই চাদর বিছিয়ে রাতযাপন করেছেন।

এ বিষয়ে কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোরাদ হোসেন মোল্লা আমাদের সময়কে বলেন, বিষয়টি তিনি জেনেছেন। তবে সিদ্ধান্ত কারিগরি অধিদপ্তর থেকে দেবে। কিন্তু গতকাল রাত পর্যন্ত তিনি কোনো সিদ্ধান্ত জানতে পারেননি। অনেকগুলো পলিটেকনিক থেকেও হল খোলার দাবি জানানো হয়েছে। সেই দাবির চিঠিও তিনি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পাঠিয়েছেন।

---

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খবর দৈনিক

**আমাদের সময়**

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy